প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ থেকে অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

১১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের পানির লাইন নষ্ট হওয়ায় তা জরুরীভিত্তিতে মেরামত করা প্রয়োজন। এতদসংক্রান্ত বিষয়ে =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রস্তুতকৃত প্রাক্কলনটি তিনি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উল্লিখিত প্রকল্পটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত কমিটি গঠন করা হয়।

প্রকল্পের নামঃ উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের পানির লাইন মেরামত।

প্রাক্কলিত অর্থঃ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা।

প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ

| ক্রঃ নং | নাম | পদবী/ক্যাটাগরি | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ১ | মোঃ আনোয়ার হোসেন সরকার | ১নং কামারপুকুর ইউপি চেয়ারম্যান | প্রকল্প চেয়ারম্যান |
| ২ | মোছাঃ মোসলেমা বেগম | ১নং কামারপুকুর ইউপি সদস্য | সেক্রেটারি |
| ৩ | মোঃ আব্দুল হালিম | সদস্য | সদস্য |
| ৪ | মোঃ আব্দুর রউফ | শিক্ষক | সদস্য |
| ৫ | মোঃ মানিক হোসেন | আনছার ভিডিপি | সদস্য |
| ৬ | মোঃ মোক্তার হোসেন | ইমাম | সদস্য |
| ৭ | মোঃ মাসুদ রানা | গণ্যমান্য | সদস্য |

গঠিত কমিটিকে প্রাক্কলন মোতাবেক প্রকল্পটি জরুরীভিত্তিতে সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

১২। উপজেলা কৃষি অফিসার সভায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকার ২৫/০৮/২০২৪ ইং তারিখের ১২.০১.০০০০.০০০.১৪.০৪৮.২১/৬০৭০ (৬৪৮) নং পত্রখানা উপস্থাপন করেন। উক্ত পত্রে "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" প্রকল্পের আওতায় ডিপিপি মোতাবেক কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য উপজেলা পরিষদ চত্বরে ১২০০ বর্গফুট আয়তনের একটি স্থান চেয়ে অনুরোধ জানানো হয়েছে। সভায় উল্লেখ করা হয় যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ১৩ ডিসেম্বর ২০২২ ইং তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.২৬৭.১৪.২৬৮ নং পত্রে উপজেলা পরিষদের আওতাধীন দপ্তর/সংস্থার অনুকূলে উপজেলা পরিষদের মালিকানাধীন জমি বরাদ্দ/ব্যবহারের অনুমতি প্রদানের সুযোগ রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। যেহেতু উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উপজেলা পরিষদের আওতাধীন দপ্তর তাই উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সৈয়দপুরের পুরনো স্টোর রুমের পাশে ফাঁকা স্থানে "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" প্রকল্পের আওতায় ডিপিপি মোতাবেক কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণের জন্য জায়গা বরাদ্দ প্রদানের অনুমতি প্রদানের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১৩। উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণ | ব্যয়ের পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর এর ১৯ জুন/২০২৪ হতে ৩০ জুন/২০২৪ খ্রিঃ পর্যন্ত সম্মানি বাবদ | ১৬,০০০/- |
| ২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর এর ১৯ জুন/২০২৪ হতে ৩০ জুন/২০২৪ খ্রিঃ পর্যন্ত সম্মানি বাবদ | ১০,৮০০/- |
| ৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর জুন/২০২৪ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৪. | সৈয়দপুর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান জনাব মোঃ আজমল হোসেন এর ০১ জুন/২০২৪ হতে ১৮ জুন/২০২৪ খ্রিঃ পর্যন্ত সম্মানি ও ০৬ (ছয়) মাসের ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালনের ভাতা বাবদ | ২২,২০০/- |
| ৫. | উপজেলা পরিষদের মালির জুন/২০২৪ মাসের মজুরী | ১৬,৫০০/- |
| ৬. | উপজেলা পরিষদের সুইপারের জুন/২০২৪ মাসের মজুরী | ১৬,৫০০/- |
| ৭. | উপজেলা পরিষদের জুন/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ২৬,৮৫০/- |
| ৮. | পরিষদের কম্পিউটার সামগ্রী ক্রয় | ৪,২৯৬/- |
| ৯. | উপজেলা পরিষদের ড্রেন পরিষ্কার বাবদ | ১২,০০০/- |
| ১০. | উপজেলা পরিষদ কার্যালয়ের জুন/২০২৪ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ | ৪,৪৭৫/- |
| ১১. | উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের ব্যয়ের ভ্যাট | ২,৯৮৫/- |
| ১২. | উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের ব্যয়ের আয়কর | ১,১৯৪/- |
| ১৩. | উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যের মে/২৪ মাসের ভাতা বাবদ | ১৪,২৫০/- |
| ১৪. | উপজেলা পরিষদের জীপগাড়ির জুন/২০২৪ মাসের জ্বালানী বিল | ২৬,০০৮/- |
| ১৫. | উপজেলা পরিষদের জীপগাড়ির জুন/২০২৪ মাসের জ্বালানী বিলের আয়কর | ১,৯৫০/- |
| ১৬. | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে সহায়তা | ২২,৫০০/- |

